[redacted]

[redacted]

[redacted]

[

আব্দুল জব্বার ও ফেরেজুল ইসলামের নামে মামলা দায়ের করেন।

ইবি প্রেসক্লাবের সভাপতি হুরাইরা, সম্পাদক পাপ্পু

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) কর্মরত সাংবাদিকদের সংগঠন ইবি প্রেসক্লাবের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন-২০২২ সম্পন্ন হয়েছে।

এতে দৈনিক প্রতিদিনের সংবাদের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি আবু হুরাইরা সভাপতি এবং সমকালের মুতাসিম বিল্লাহ পাপ্পু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

সোমবার (৩১ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের প্রেস কর্নারে অনুষ্ঠিত নির্বাচনে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তারা নির্বাচিত হন। সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

পরে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে ফল ঘোষণা করেন ইবি প্রেসক্লাবের সাবেক সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) এ কে আজাদ লাভলু। এরপর প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. মাহবুবুর রহমান পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- সহ-সভাপতি রুমি নোমান (জাগো নিউজ) ও আহসান নাঈম (একুশে টেলিভিশন), যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব আলম রায়হান (ভোরের কাগজ), দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম নাহিদ (কালের কণ্ঠ), কোষাধ্যক্ষ আদিল সরকার (সময়ের আলো), প্রচার, প্রকাশনা ও সাহিত্য সম্পাদক রাকিব হোসেন রেদওয়ান (বাংলাদেশ প্রতিদিন), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক আজাহারুল ইসলাম (জনকণ্ঠ)।

কার্যনিবার্হী সদস্য সরকার মাসুম (দৈনিক যুগান্তর), তারিকুল ইসলাম (বাংলা নিউজ২৪), নুর আলম (একাত্তর পোস্ট), আবির হোসেন

(ক্যাম্পাস লাইভ-২৪) এবং নাজমুল হুসাইন (বাংলা ট্রিবিউন)।

ফল ঘোষণাকালে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ এম আলী হাসান, পরিবহন প্রশাসক অধ্যাপক ড. আনোয়ার হোসেন ও ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. শেলীনা নাসরীনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শিক্ষক কর্মকর্তা ও শাখা ছাত্রলীগসহ বিভিন্ন শিক্ষক-ছাত্র সংগঠনের নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় কিশোরের মৃত্যু

কুষ্টিয়া কুষ্টিয়ায় ট্রাক চাপায় নাঈম (১৫) নামে এক কিশোরের মৃত্যু হেয়েছে।

সোমবার রাতে কুষ্টিয়ার বটতৈল -পোড়াদহ সড়কের দোস্তপাড়া বিসমিল্লাহ অটো রাইচ মিলের সামনে এ দুর্গটনা ঘটে। নিহত নাঈম সদর উপজেলার আলামপুর ইউনিয়নের স্বর্গপুর গ্রামের বাহারাইন প্রবাসী আলমেরপেুত্র।

বাবা প্রবাসে থাকায় নাঈম তার মা লতা খাতুনের সাথে নানার বাড়ি দোস্তপাড়ায় থাকতেন।

স্থানীয়রা জানান, ঘটনার সময় একটি দ্রুতগামী ট্রাকের সামনের চাকা ব্লাস্ট করলে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে এবং পাখিভ্যান গাড়ী ট্রাকের নিচে চলে যায়। পাখি ভ্যানে থাকা নাঈম চাপা পড়ে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন।

আলমডাঙ্গায় ট্রাকের ধাক্কা, প্রাণ গেলো ট্রাক্টর চালকের

আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গায় গাড়ি ওয়ারটেক করার সময় চলন্ত ট্রাক্টরের পিছনে ট্রাকের ধাক্কা দেয়ার ঘটনা ঘটেছে।

এতে ট্রাক্টর চালক মনিরুল ইসলাম (২২) নিহত হয়েছেন। এসময় আহত হন সাদিক নামে এক ব্যক্তি। গতকাল রোববার (৩০ অক্টোবর) বিকেল ৩ টার দিকে জেলার আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গা গ্রামের ঈদ্গাহের নিকট এদূর্ঘটনা ঘটে।

প্রথমে স্থানীয়রা আহত অবস্থায় দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। মনিরুলের শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক রাজশাহী রেফার্ড করেন। রাতে রাজশাহী যাওয়ার পথে রাত ৯ টার দিকে তার মৃত্যু হয়।

নিহত মনিরুল ইসলাম আলমডাঙ্গা উপজেলার চিৎলা গ্রামের মাঝেরপাড়ার এনামুল হকের ছেলে। আহত সাদিকের পরিচয় তাৎক্ষনিক পাওয়া যায়নি।

এদিকে, ঘটনার পর স্থানীয়রা ট্রাকসহ চালককে আটক করে গাংনী বাজার পুলিশ তদন্ত কেন্দ্রে হস্তান্তর করে।

স্থানীয় ইউপি সদস্য মো. আনোয়ার হোসেন বলেন, রোববার বিকেলে ট্রাক্টর চালিয়ে বাড়ি আসছিল মনিরুল ইসলাম। কয়রাডাঙ্গা গ্রামের ঈদগাহের নিকট পৌছালে পিছন থেকে একটি ট্রাক ওভারটেক করতে যায়। এসময় ট্রাকের ধাক্কায় ট্রাক্টরটি পাশের একটি গাছে ধাক্কা লেগে দুমড়ে মুচড়ে যায়।

এতে গুরুতর আহত হয় মনিরুল ইসলামসহ আরও একজন ব্যক্তি। পরে স্থানীয়রা দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেস। মনিরুলের শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী রেফার্ড করেন চিকিৎসক। রাজশাহী যাওয়ার পথে রাত ৯ টার দিকে তার মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সাদিয়া মা আরিজ বলেন, মনিরুলের মাথাসহ শরীরের বিভিন্নস্থানে গুরুতর জখম হয়েছে। প্রাথমিক চিকিৎসা শেষে রাজশাহী মেডিকেল কলেজ

হাসপাতালে নেয়ার পরামর্শ দেয়া হয়েছে। সাদিকের শরীরে জখম হলেও তিনি শঙ্কামুক্ত। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তির পরামর্শ দেয়া হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, ট্রাকের ধাক্কায় ট্রাক্টর চালকের মৃত্যু হয়েছে। ঘটনার পর ট্রাকসহ চালককে আটক করেছে পুলিশ। অভিযোগ না থাকায় আবেদনের পেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্ত ছাড়ায় নিহতের মরদেহ পরিবারের নিকট হস্তান্ত করা হয়েছে। আটক ট্রাক চালককে পরিবারের জিম্মায় দেয়া হবে।

জাতীয় যুব দিবস উপলক্ষে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

জাতীয় যুব দিবস উপলক্ষে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করেছে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তর। দিবসটি উপলক্ষে মেহেরপুর জেলা উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে সোমবার সকালের দিকে যুব উন্নয়ন অধিদপ্তর প্রাঙ্গনে ক্রিড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

জেলা যুব উন্নয়নের দপ্তরের উপ-পরিচালক কে এম জাহিদ হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক,এস এম ওবায়দুল বাশার, কো-অর্ডিনেটর লক্ষন বাহাদুর, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু,নোবেল প্রমুখ।

মিথ্যা মামলায় প্রাক্তন স্ত্রী খালাস, মাদক মামলায় প্রতারক স্বামী জেল হাজতে

মাদকদ্রব্য আইনসহ বিভিন্ন অভিযোগে ১৭ টি মামলার আসামি গাংনী উপজেলার বাহাগুন্দা গ্রামের মীর কাউছার আলী। নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে থাকেন মাঝে মধ্যে। তার বিরুদ্ধে রয়েছে বহু বিবাহের অভিযোগ। নিজেকে সরকারি চাকুরীজীবি বা সাংবাদিকের মিথ্যা পরিচয় দিয়ে বিভিন্ন এলাকায় বহু বিবাহ করেছে এই মীর কাউছার আলী। একজন মাদক সেবী ও মাদক ব্যবসায়ী হিসেবে এলাকার মানুষ তাকে চিনে।

ঘরে স্ত্রী ও ছেলে মেয়ে থাকার পরেও মীর কাউছার আলী একই উপজেলার ধানখোলা গ্রামের জমির উদ্দিন এর মেয়ে শ্যামলী খাতুনকে মিথ্যা প্ররোচনা দিয়ে বিয়ে করে। শ্যামলী খাতুন কাউছারের বাড়িতে গিয়ে তার স্ত্রী ও সন্তান দেখে ওই দিনই বাবার বাড়ি ফিরে এসে তালাক দেন তাকে।

এতেই ক্ষিপ্ত হয়ে শ্যামলী ও তার পরিবারের উপর একের পর এক মিথ্যা মামলা দিতে থাকে প্রতারক কাউছার। তার দায়ের সবগুলো মামলায় খালাস পান তিনি।

সবশেষে ২০২০ সালে তার বিরুদ্ধে টাকা ও গহনা চুরির একটি মিথ্যা মামলা দায়ের করেন প্রতারক। যার মামলা নং-৩১৬/২০।

গাংনী থানার এস আই নুরুল ইসলাম মামলাটি তদন্ত শেষে শ্যামলীর বিরুদ্ধে চার্জশীট প্রদান করেন। মালায় ৩ জন সাক্ষী প্রদান করেন। এতে তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় আজ সোমবার বেলা আড়াইটার দিকে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক বর্ণালী তাকে বেকসুর খালাস দেন।

কাউছারের দায়ের করা মিথ্যা মামলায় শ্যামলী খাতুন আদালত থেকে বেখুসুর খালাস পাওয়ার দিন গাংনী থানা পুলিশ প্রতারক মীর কাউসাকে একটি মাদক মামলায় গ্রেপ্তার করে জেল হাজতে প্রেরণ করেন।

সোমবার দুপুরে শ্যামলীকে বেখসুর খালাস হয়ে আদালত থেকে বের হওয়ার সময় আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয় মীর কাউছারকে। মীর

কাওছার একই উপজেলার বাহাগুন্দা গ্রামের মৃতু মীর ওমর ফারুকের ছেলে।

গাংনী থানা সূত্রে জানা গেছে, মাদক ব্যবসায়ী মীর কাউসার মাদক সেবনের পাশাপাশি দীর্ঘদিন যাবৎ মাদকের ব্যবসা করে আসছে। মীর কাওছারের বিরুদ্ধে গাংনী, মেহেরপুর সদর থানায় মাদকের অভিযোগে ১৭ টি মামলা চলমান রয়েছে।
কয়েকটি মামলায় তার তাকে সাজা দিয়েছে আদালত।

দামুড়হুদায় কৃষকের এক বিঘা জমির পেঁপে গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা

দামুড়হুদা উপজেলার পুরাতন হাউলী গ্রামের মাঠে রাতের আধারে কৃষকের ধরন্ত, ফলন্ত পেঁপে গাছ কেটে দিয়েছে দূর্বৃত্তরা। রবিবার দিনগত রাতে এ ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। এবিষয়ে ভুক্তভোগী থানায় অভিযোগ দায়ের করেন।

অভিযোগ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার পুরাতন হাউলী গ্রামের কৃষক আব্দুর রহিম (৪৫) এর ১বিঘা জমির ধরন্ত, ফলন্ত পেঁপে গাছ রবিবার দিনগত গভীর রাতে কেটে দিয়েছে দূর্বৃত্তরা। সোমবার সকালে পুরাতন হাউলী গ্রামের মৃত আবু শামার ছেলে কৃষক আব্দুর রহিম পেঁপের খেত দেখতে গিয়ে তার জমির পেঁপে গাছ গুলো কাটা অবস্থায় পড়ে থাকতে দেখে দিশেহারা হয়ে পড়ে।

এসময় সে স্থানীয় ও মাঠের অন্যান্য কৃষকদের ডেকে জানতে চেষ্টা করে কিভাবে এ ঘটনা ঘটলো। তবে এ বিষয়ে স্থানীয় ও কৃষকরা কেউ কিছু বলতে পারেনি। তারা এবং খেত মালিক ধারণা করছে গভীর রাতের আধারে এই ঘৃণিত কাজ দূর্বৃত্তরা করেছে। এবিষয়ে ভুক্তভোগী বাদী হয়ে গতকাল দামুড়হুদা মডেল থানায় অজ্ঞাত নামা ব্যক্তিদের বিরুদ্ধে একটি অভিযোগ দায়ের করেন।

কৃষক আব্দুর রহিম বলেন, এর আগেও আমার কে বা করা ৩ বার ফসল কেটে দিয়ে ক্ষতি করেছে। এবার দিয়ে ৪ বার আমার ফসল কেটে ক্ষতি করলো। এর আগে আমার শিমের বাগানের সবগাছ কেটে দিয়েছিল দুর্বৃত্তরা। এবার আমার প্রায় লক্ষাধীক টাকার ক্ষতি হয়েছে। এভাবেই একজন কৃষকের স্বপ্ন ভাঙছে দুর্বৃত্তরা। আমি এসব চাষ আবাদ আর করবো না। যতক্ষণ পর্যন্ত এই সকল ঘৃণিত ব্যক্তিরা আইনের আওতায় না আসে, ততদিন পর্যন্ত আমি চাষ আবাদ করব না। এ ধরণের ঘৃণিত কাজ যারা করেছে তাদের (অজ্ঞাত নামা) বিরুদ্ধে থানায় একটি অভিযোগ দায়ের করেছি।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, এবিষয়ে একজন অভিযোগ করতে এসেছিল, অভিযোগ পেয়েছি, সরজমিনে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে জাসদের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও সূবর্ণজয়ন্তী পালিত

ঝিনাইদহে জাসদের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও সূবর্ণজয়ন্তী পালন করা হয়েছে। সোমবার জেলা জাসদের উদ্যোগে বিকাল ৪টায় শহরের পুরাতন ডিসিকোর্ট চত্ত্বর থেকে দলের বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পোস্ট অফিসের মোড়ে প্রতিষ্ঠা বার্ষিকীর সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তির সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় জাসদের উপদেষ্টা পরিষদের সদস্য আলহাজ মনোয়ার হোসেন, জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ সভাপতি এ্যড. আসাদুজ্জামান আব্দুল জলিল মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জল, যুবজোট নেতা আশানুর রহমান, কেন্দ্রীয় ছাত্রলীগের সহ সম্পাদক বিদুৎ হোসেনসহ জেলা ও উ জেলার নেতৃবৃন্দ।

বক্তারা জঙ্গিবাদী তালেবানী রাজনীতি বন্ধ, মুক্তিযুদ্ধের চেতনায় জাতীয় পুনর্জাগরণ সংঘটিত, দুর্নীতিমুক্ত দলবাজী, গুন্ডাতন্ত্রের বিরুদ্ধে সুসাশন কায়েম, শোষন-বঞ্চনা বৈষম্যের অবসান করে সমাজতন্ত্রের পথে দেশকে এগিয়ে নেওয়ার আহবান জানান।

কোটচাঁদপুরের বহরমপুর মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটিয়,চেয়ারম্যান প্যানেল জয়ী

উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হল কোটচাঁদপুরের বহরমপুর মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির নির্বাচন। সোমবার ওই বিদ্যালয়ের কক্ষে এ ভোট নেয়া হয়। নির্বাচনে চেয়ারম্যান পক্ষের পূর্ন প্যানেল জয়ী হয়েছেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও প্রিজাইটিং কর্মকর্তা রতন মিয়া জানান, উৎসব মুখর পরিবেশে ভোট অনুষ্ঠিত হয়েছে।

এ বিদ্যালয়ে ৪ পদের জন্য লড়াই করছিলেন ৭ জন প্রতিদ্বন্দী প্রার্থী। যার মধ্যে আব্দুল জলিল,আসাদুল ইসলাম, আব্দুল জলিল, আব্দুল মালেক,নাসির উদ্দিন,মফিজুর রহমান,শরিফুল ইসলাম।

এরমধ্যে চেয়ারম্যান প্যানেলের আব্দুল জলিল, আব্দুল মালেক,আসাদুল ইসলাম মফিজুর রহমান। এছাড়া ওই প্যানেলের মহিলা প্রার্থী নাজমা আক্তার বিনা প্রতিদ্বন্তিতায় নির্বাচিত হয়েছেন। নির্বাচনে মোট ভোটার ছিল ১৪৩ টি। এরমধ্যে পোল হয়েছে ১২৭ ভোট। সোমবার সকাল ১০ টায় ভোট গ্রহন শুরু হয়। যা চলে একটানা বিকাল ৪ টা পর্যন্ত।

[redacted]

[redacted]